



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর  
শিক্ষা ভবন, ২য় ব্লক, ২য় তলা  
ওয়েবসাইটঃ [www.dia.gov.bd](http://www.dia.gov.bd)

### প্রশিক্ষণ প্রতিবেদন

ডিআইএ কর্তৃক পরিচালিত বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি বাস্তবায়ন কর্মসূচীর আওতায় কর্মচারীদের জন্য বাংলাদেশ সার্ভিস রুলসঃ পার্ট-০১; প্রশিক্ষণ প্রতিবেদন

প্রশিক্ষণের মূল উদ্দেশ্যঃ পেশাগত দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি, দপ্তরের গতিশীলতা তরাহিতকরণের মাধ্যমে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অর্জন।

প্রশিক্ষণের নামঃ বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি বাস্তবায়ন; তারিখঃ ২৯-০৯-২০২০

প্রশিক্ষণের শিরোনামঃ বাংলাদেশ সার্ভিস রুলসঃ পার্ট-০১

স্থানঃ শেখ রাসেল স্মৃতি সম্মেলন কক্ষ, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ২য় ব্লক, ২য় তলা

প্রধান অতিথিঃ জনাব খালেদা আক্তার, অতিরিক্ত সচিব, (নিরীক্ষা ও আইন), মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

সভাপতিঃ প্রফেসর অলিউল্লাহ মোঃ আজমতগীর, পরিচালক, এ অধিদপ্তর

২৯/০৯/২০২০ তারিখ সকাল ১০-০০ ঘটিকায় ডিআইএ'র শেখ রাসেল স্মৃতি মিলনায়তনে সভাপতি মহোদয় ও প্রধান অতিথির উপস্থিতিতে প্রশিক্ষণ কার্যক্রম শুরু হয়। ড. রেহেনা খাতুন, উপ-পরিচালক, ঢাকা বিভাগ এর সঞ্চালনায় স্বাগত বক্তব্য রাখেন জনাব বিপুল চন্দ্র সরকার, যুগ্ম-পরিচালক, এ অধিদপ্তর। সম্মানিত প্রধান অতিথি প্রশিক্ষণের প্রয়োজনীয়তা উল্লেখ করে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে কর্মকর্তা-কর্মচারীদের ভূমিকার গুরুত্ব তুলে ধরেন এবং পরিচালক মহোদয় সভাপতির বক্তব্য প্রদান ও উদ্বোধন অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন। অতঃপর ০৬ টি কর্ম অধিবেশনে নিম্নোক্ত বিষয়ের উপর দিনব্যাপী প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হয়ঃ-

সম্মানিত প্রধান অতিথি প্রশিক্ষণের প্রয়োজনীয়তা এবং গুরুত্ব তুলে ধরে বক্তব্য প্রদানসহ প্রশিক্ষণ কার্যক্রমের উদ্বোধন ঘোষণা করেন। অতঃপর ০৬ টি সেশনে নিম্নোক্ত বিষয়ের উপর দিনব্যাপী প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হয়ঃ-

### সেশন বিবরণীঃ (প্রতি সেশন-০১ ঘণ্টা)

ক্রমিক	রিসোর্স পার্সনদের নাম ও পদবী	সেশন	বিষয়
১	জনাব খালেদা আক্তার, অতিরিক্ত সচিব, (নিঃ ও আইন)	১ম কর্ম অধিবেশন	জাতীয় শুদ্ধাচার ও সরকারি কর্মচারীদের ভূমিকা।
২	জনাব মোহাঃ লিয়াকত আলী, উপ-সচিব (আইন-১)	২য় ও ৩য় কর্ম অধিবেশন	সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ এবং ২০১৮।
৩	জনাব মোঃ আব্দুল্লাহ আল মামুন, উপ-সচিব (প্রশাসন)	৪র্থ ও ৫ম কর্ম অধিবেশন	সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫।
৪	জনাব মোঃ ইরহিম ভূঞা, উপ-সচিব (প্রশিক্ষণ)	৬ষ্ঠ সেশন কর্ম অধিবেশন	সরকারি কর্মচারী (নিয়মিত- উপস্থিতি) বিধিমালা-২০১৮।




প্রশিক্ষণার্থী পরিচিতিঃ এ অধিদপ্তরের ১০ম হতে ২০তম গ্রেড এ কর্মরত প্রশাসনিক কর্মকর্তা, সুপার, অডিটর, উচ্চমান সহকারি ও নিম্ন মান সহকারি সহ মোট ১৮ জন কর্মকর্তা।

প্রশিক্ষণের পদ্ধতিঃ ব্যবহারিক এবং প্রায়োগিক দিক বিবেচনাপূর্বক নিম্নোক্ত পদ্ধতিতে প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করা হয়-

- ১) পারস্পরিক আলোচনা ও মিথস্ক্রিয়ার মাধ্যমে বিষয়ের উপর আলোকপাত ও উপস্থাপনা;
- ২) ব্রেইন স্টোর্মিং এর মাধ্যমে প্রতিষ্ঠানের গতিশীলতা বৃদ্ধি ও উন্নয়ন কৌশল অনুসন্ধানী মতামত উপস্থাপন;
- ৩) বিষয়ের উপর গ্রুপভিত্তিক আলোচনা এবং প্রস্তাবনা উপস্থাপন।

প্রশিক্ষণের ফলাফলঃ

- ১) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে সকল কর্মকর্তা-কর্মচারীদের চাকুরী বিধি-বিধান সম্পর্কিত ধারণা অর্জন। সুস্পষ্ট ধারণা অর্জন।
- ২) পরিদর্শন ও নিরীক্ষা কার্যক্রমের অংশ হিসেবে পরিদর্শন, নিরীক্ষা ও তদন্ত কার্যক্রম সম্পর্কিত কর্ম কৌশল বিষয়ে সকলকে অবহিতকরণসহ সুস্পষ্ট দিক নির্দেশনা গ্রহণ।
- ৩) মানসম্মত পরিদর্শন ও নিরীক্ষা/তদন্ত প্রতিবেদন প্রস্তুত বিষয়ে সুস্পষ্ট ধারণা লাভ।



সকলকে ধন্যবাদ জানিয়ে কর্ম অধিবেশন সমূহ সমাপণান্তে পরিচালক মহোদয় প্রশিক্ষণ কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করেন।